

কালের কর্ত্তা

আপডেট : ৬ মে, ২০২২ ০১:৫৭

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ৩০৩ কোটি টাকা আত্মসাহ

মামলা করেছে দুদক



ক্যাম্পাসের উন্নয়নের নামে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ৩০৩ কোটি টাকা আত্মসাতের অভিযোগে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মামলায় বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান, চারজন সদস্য ও আশালয় হাউজিং অ্যান্ড ডেভেলপার্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালককে আসামি করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুদকের উপপরিচালক মো. ফরিদ আহমেদ পাটোয়ারী বাদী হয়ে মামলাটি করেন। মামলায় বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, চার সদস্য এম এ কাশেম, বেনজীর আহমেদ, রেহানা রহমান, মোহাম্মদ শাহজাহান এবং আশালয় হাউজিং অ্যান্ড ডেভেলপার্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আমিন মো. হিলালীকে আসামি করা হয়েছে।

মামলার এজাহারে বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী বেসরকারি বিশ্ববিদ্যালয় অর্থাৎ নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় পরিচালনার সর্বোচ্চ কর্তৃপক্ষ হলো বোর্ড অব ট্রাস্টিজ। বিশ্ববিদ্যালয় একটি দাতব্য, কল্যাণমুখী, অবাণিজ্যিক ও অলাভজনক শিক্ষাপ্রতিষ্ঠান।

অর্থচ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, বিশ্ববিদ্যালয় মণ্ডলুরি কমিশন ও শিক্ষা মন্ত্রণালয় অর্থাং সরকারের সুপারিশকে পাশ কাটিয়ে বোর্ড অব ট্রাস্টিজের কিছু সদস্যের অনুমোদনে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস উন্নয়নের নামে ৯ হাজার ৯৬.৮৮ ডেসিমেল জমির ক্রয়মূল্য বাবদ ৩০৩ কোটি ৮২ লাখ ১৩ হাজার ৪৯৭ টাকা অতিরিক্ত অর্থ অপরাধজনকভাবে প্রদান বা গ্রহণ করা হয়েছে।

এজাহারে আরো বলা হয়, আসামিরা বিশ্ববিদ্যালয়ের তহবিলের টাকা আত্মসাতের উদ্দেশ্যে কম দামে জমি কেনা সত্ত্বেও বেশি দাম দেখিয়ে প্রথমে বিক্রেতাকে টাকা দেন। পরে বিক্রেতার কাছ থেকে নিজেদের লোকের নামে নগদ চেকের মাধ্যমে টাকা নিয়ে নিজেদের নামে এফডিআর করেন। এরপর এফডিআর করা অর্থ উত্তোলন করে আত্মসাং করেন।

অবৈধ এ আয়ের অবস্থান গোপনের জন্য এ অর্থ হস্তান্তর, স্থানান্তরের মাধ্যমে মানি লন্ডারিংয়ের অপরাধও করেন তাঁরা। সুতরাং আসামিরা মানি লন্ডারিংয়ের মাধ্যমে শাস্তিযোগ্য অপরাধ করেছেন এবং ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে বিশ্ববিদ্যালয় তথা সরকারি অর্থ আত্মসাং করে নিজেরা অন্যায়ভাবে লাভবান হয়েছেন বলে মন্তব্য করে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে।

[Print](#)

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডি এ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৮৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com